গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
মহেশপুর, ঝিনাইদহ
(www.moheshpur.jhenaidah.gov.bd)

## ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ আয়োজনের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি: জনাব নয়ন কুমার রাজবংশী
উপজেলা নির্বাহী অফিসার
মহেশপুর, ঝিনাইদহ
সভার তারিখ : ০৬-১১-২০২২ খ্রি.
সময় : বিকাল : ০৩:০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মহেশপুর, ঝিনাইদহ।

উপস্থিতি: সভায় উপস্থিতিদের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য সহকারী প্রোগ্রামার, মহেশপুর, ঝিনাইদহকে আহবান জানান। সহকারী প্রোগ্রামার, মহেশপুর, ঝিনাইদহ আইসিটি বিভাগের এটুআই প্রোগ্রামের ২০ অক্টোবর ২০২২ তারিখের ৫৬.৮৩.০০০০.০০৭.৯৯.০০৭.২২-৬ সংখ্যক পত্রটি সভায় উপস্থাপন করেন। মহেশপুর উপজেলায় সুষ্ঠু ও সুন্দরভাবে এ মেলা আয়োজনের ব্যাপারে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করায় উপজেলা পর্যায়ে ডিজিটাল উদ্ভাবনী মেলা, ২০২২ আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **মহেশপুর উপজেলায় ডিজিটাল উদ্ভাবনী মেলা, ২০২২ আয়োজনের সিদ্ধান্তঃ** মহেশপুর উপজেলায় ডিজিটাল উদ্ভাবনী মেলা, ২০২২ আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনার পর উপস্থিত সকলের নিকট এ বিষয়ে মতামত জানতে চাওয়া হয়। ডিজিটাল উদ্ভাবনী মেলা আয়োজনের ফলে সাধারণ মানুষের মধ্যে ই-সেবা সম্পর্কে উৎসাহ এবং তরুন উদ্ভাবকদের মধ্যে উদ্দীপনা সৃষ্টিসহ তথ্যপ্রযুক্তির ব্যাপক প্রচার ও প্রসা রের ক্ষেত্রে এ ধরণের মেলা আয়োজন কার্যকর ভূমিকা পালন করবে মর্মে উপস্থিত সকলে মতামত ব্যক্ত করেন। | মহেশপুর উপজেলায় ডিজিটাল উদ্ভাবনী মেলা আয়োজনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিটাল উদ্ভাবনী মেলা আয়োজক কমিটি। |
| ০২ | **মেলার তারিখ ও সময় নির্ধারণঃ** ডিজিটাল মেলা আয়োজনের বিষয়ে সময় নির্ধারণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে চলমান এইচএসসি পরীক্ষা বিবেচনা করে এবং জেলা প্রশাসক, ঝিনাইদহ মহোদয়ের কার্যালয় হতে নির্ধারিত আগামী ০৯ নভেম্বর- ২০২২ তারিখ ০১ (এক) দিন ডিজিটাল মেলা আয়োজনের বিষয়ে মতামত ব্যক্ত করেন। | আগামী ০৯ নভেম্বর ২০২২ তারিখ ০১ (এক) দিন ডিজিটাল মেলা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ০৯ নভেম্বর, ২০২২ তারিখ সকাল ১০.০০ টায় মেলার শুভ উদ্বোধন করা হবে এবং বিকাল ০৫ ঘটিকা পর্যন্ত চলবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিটাল উদ্ভাবনী মেলা আয়োজক কমিটি। |
| ০৩ | **মেলার স্থান ও স্টল নির্মাণঃ** মেলার স্থান ও স্টল নির্মাণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মেলায় নিরাপত্তা, বিদ্যুৎ সুবিধা ও পর্যাপ্ত স্থানের সুবিধা বিবেচনা করে এ উপজেলা পরিষদের চত্বরে মেলা আয়োজনের পক্ষে উপস্থিত সকলে মতামত ব্যক্ত করেন। | মহেশপুর উপজেলা পরিষদ চত্বরে মেলার স্থান নির্ধারণ ও স্টল নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | স্টল ব্যবস্থাপনা উপ-কমিটি। |
| ০৪ | **সাংস্কৃতিক অনুষ্ঠানঃ** মেলা চলাকালিন আগত দর্শকদের বিনোদনের জন্য সাংস্কৃতিক অনুষ্ঠান চলবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর উপ-কমিটি গঠনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা হয়। | মেলায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে গঠিত উপ-কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সাংস্কৃতিক অনুষ্ঠান উপ-কমিটি। |
| 05 | **কারিগরি সহায়তাঃ** মেলায় স্টল গ্রহণকারীদের কারিগরি সহযোগিতা প্রদানের বিষয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনার পর একটি উপ-কমিটি গঠনপূর্বক প্রয়োজনীয় সহযোগিতার বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | গঠিত উপ-কমিটি কারিগরি সহায়তা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | কারিগরি সহায়তা উপ-কমিটি। |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | **মূল্যায়ন কার্যক্রম ও পুরষ্কার:**<br>উদ্ভাবনী আইডিয়া/প্রজেক্ট প্রদর্শনীর মাধ্যমে নিম্নবর্ণিত ০৩ টি গ্রুপে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।<br>গ্রুপ-(ক) মাধ্যমিক পর্যায়<br>গ্রুপ-(খ) উচ্চমাধ্যমিক পর্যায়<br>গ্রুপ-(গ) উন্মুক্ত<br>প্রতিটি গ্রুপে ১ম, ২য় ও ৩য় হিসাবে ০৩ জনকে নির্বাচনের মাধ্যমে পুরস্কৃত করতে হবে। ০৩' টি গ্রুপে বিজয়ীদের মধ্যে থেকে সর্বোচ্চ ০৩ জন নির্বাচন করে জেলা পর্যায়ে প্রতিযোগিতার জন্য প্রেরণ করতে হবে। স্টলসমূহ পরিদর্শন করে ১ম, ২য় ও ৩য় হিসাবে ০৩টি স্টল পুরস্কারের জন্য নির্ধারণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীহ হয়। শ্রেষ্ঠত্ব নির্বাচনের জন্য একটি উপ-কমিটি গঠনসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | উপজেলা পর্যায়ে প্রতিটি গ্রুপে ১ম,২য় ও ৩য় নির্বাচন করতে হবে। ০৩ টি গ্রুপে বিজয়ীদের মধ্যে থেকে সর্বোচ্চ ০৩ জন নির্বাচন করে জেলা পর্যায়ে প্রতিযোগিতার জন্য প্রেরণ করতে হবে। উপ-কমিটি গঠনপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মূল্যায়ন কার্যক্রম ও পুরস্কার প্রদান সংক্রান্ত উপ-কমিটি। |
| ০৭ | **স্থানীয় পর্যায়ে প্রচার-প্রচারণা:**<br>মেলা উপলক্ষে এটুআই কর্তৃক প্রস্তুতকৃত ভিডিও Cable TV তে প্রচার; মেলা আয়োজনের সময় ও তারিখ উল্লেখ করে স্থানীয় Cable TV তে Scroll এর মাধ্যমে প্রচার; Audio Announcement মাইকের মাধ্যমে প্রচারের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে ব্যাপক প্রচার- প্রচারণার বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | মেলা উপলক্ষ্যে ব্যাপক প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রচার সংক্রান্ত উপ-কমিটি |
| ০৮ | **নিউজলেটার প্রণয়ন:**<br>উপজেলা পর্যায়ে মেলার তথ্যাদি সংগ্রহ এবং প্রতিবেদন তৈরীপূর্বক উদযাপন কমিটির নিকট প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। বিস্তারিত আলোচনার পর একটি উপ-কমিটি গঠনপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য উপস্থিত সকলে একমত পোষণ করেন। | ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এর তথ্যাদি সংগ্রহ এবং প্রতিবেদন তৈরীপূর্বক উদযাপন কমিটির নিকট প্রেরণ করতে হবে। | তথ্যাদি সংগ্রহ এবং প্রতিবেদন তৈরী উপ-কমিটি। |
| ০৯ | **মেলা ব্যবস্থাপনা:**<br>মেলা উপলক্ষে এটুআই কর্তৃক প্রস্তুতকৃত সকল Branding ও Design Materialসমূহের ডিজাইন টেম্পলেটসমূহ নির্ধারিত গাইডলাইন মোতাবেক ব্যবহারের বিষয়ে আলোচনা হয়। এছাড়া মেলা প্রাঙ্গনে সকল প্যাভিলিয়ন, স্টল এন্ট্রি গেইট নির্মাণের বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। এ বিষয়ে মেলা ব্যবস্থাপনা উপ-কমিটি গঠনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে মেলা ব্যবস্থাপনা উপ-কমিটি গঠনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেলা ব্যবস্থাপনা উপ-কমিটি। |
| ১০ | **মেলার সার্বিক নিরাপত্তা:**<br>০৯ নভেম্বর ২০২২তারিখ মেলার সার্বিক নিরাপত্তার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মেলার বাউন্ডারির ভিতরে মোটর সাইকেল/ বাই সাইকেল যাতে প্রবেশ না করে সে বিষয়েও আলোচনা হয়। | সার্বিক নিরাপত্তার বিষয়ে উপ-কমিটি গঠনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | আইন শৃঙ্খলা বিষয়ক উপ-কমিটি |

উপজেলা ডিজিটাল উদ্ভাবনী মেলা, ২০২২ সফলভাবে উদযাপনের লক্ষ্যে নিম্নোক্ত কমিটি ও উপ-কমিটি গঠন করা হয়।

০১। <u>স্টল ব্যবস্থাপনা উপ-কমিটি (পদমর্যাদার ক্রমানুসারে নয়):</u>

(১) উপজেলা কৃষি অফিসার, মহেশপুর, ঝিনাইদহ — আহবায়ক
(২) সহকারী প্রোগ্রামার,বেনবেইস, মহেশপুর, ঝিনাইদহ- — সদস্য
(৩) জনাব মোঃ আফজাল উর রহমান, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, মহেশপুর, ঝিনাইদহ- — সদস্য

০২। <u>আলোচনা সভা ও সেমিনার উপ-কমিটি (পদমর্যাদার ক্রমানুসারে নয়):</u>

(১) সহকারী কমিশনার (ভূমি),মহেশপুর, ঝিনাইদহ- — আহবায়ক
(২) সহকারী প্রোগ্রামার, আইসিটি, মহেশপুর, ঝিনাইদহ- — সদস্য
(৩) সহকারী সমাজসেবা অফিসার, মহেশপুর, ঝিনাইদহ- — সদস্য

০৩। সাংস্কৃতিক অনুষ্ঠান উপ-কমিটি (পদমর্যাদার ক্রমানুসারে নয়):

| | |
|---|---|
| (১) উপজেলা মৎস্য কর্মকর্তা, মহেশপুর, ঝিনাইদহ- | আহবায়ক |
| (২) জনাব মোঃ আসাদুজ্জামান, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, মহেশপুর, ঝিনাইদহ- | সদস্য |
| (৩) উপজেলা একাডেমিক সুপারভাইজার,মহেশপুর, ঝিনাইদহ- | সদস্য |

০৪। কারিগরি সহায়তা উপ-কমিটি (পদমর্যাদার ক্রমানুসারে নয়):

| | |
|---|---|
| (১) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মহেশপুর, ঝিনাইদহ- | আহবায়ক |
| (২) সহকারী প্রোগ্রামার, আইসিটি, মহেশপুর, ঝিনাইদহ- | সদস্য |
| (৩) সহকারী প্রোগ্রামার,বেনবেইস, মহেশপুর, ঝিনাইদহ- | সদস্য |

০৫। মূল্যায়ন ও পুরষ্কার উপ-কমিটি (পদমর্যাদার ক্রমানুসারে নয়):

| | |
|---|---|
| (১) উপজেলা কৃষি অফিসার, মহেশপুর, ঝিনাইদহ- | আহবায়ক |
| (২) উপজেলা প্রকৌশলী, মহেশপুর, ঝিনাইদহ- | সদস্য |
| (৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি, মহেশপুর, ঝিনাইদহ- | সদস্য |

ডিজিটাল উদ্ভাবনী মেলা আয়োজনের বিষয়টি ব্যাপক প্রচার ও আড়ম্বরভাবে উদযাপনের উদ্দেশ্যে উদ্বোধনী দিনে তথা আগামী ০৯ নভেম্বর, ২০২২ তারিখ সকাল ০৯.৩০ টার মধ্যে মহেশপুর উপজেলা পরিষদ চত্বর হতে শুরু হয়ে বাজার প্রদক্ষিণ করে মহেশপুর উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হবে। র‍্যালিতে সকল সরকারি কর্মকর্তা/কর্মচারী, জনপ্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তিবর্গ, সাংবাদিকবৃন্দ, এনজিও প্রতিনিধি, শিক্ষক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করবেন। তাছাড়া মহেশপুর সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়, মহেশপুর পাইলট বালিকা বিদ্যালয়, মহেশপুর পৌরল্যাব মাধ্যমিক বিদ্যালয়সহ পৌরসভাধীন সকল মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান হতে ৩০ জন করে ছাত্র/ছাত্রী অংশগ্রহণ করবে। এছাড়া উপস্থিত সকলে ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

মেলার জন্য উপজেলা পরিষদে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের জন্যসভার পক্ষ থেকে অবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো লিঃ, মহেশপুর, ঝিনাইদহকে অনুরোধ করা হয়।

উপজেলা পরিষদ চত্বরে প্রয়োজনীয় সংখ্যক পুলিশফোর্স মোতায়েন করার জন্য সভার পক্ষ থেকে অফিসার ইনচার্জ, মহেশপুর থানাকে অনুরোধ করা হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় ডিজিটাল উদ্ভাবনী মেলা আয়োজনে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা ও সক্রিয় অংশগ্রহণের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/১১/২২

নয়ন কুমার রাজবংশী
উপজেলা নির্বাহী অফিসার
মহেশপুর, ঝিনাইদহ।
☎ ০২৪৭৭৭-৪৯৪৬০
ই-মেইল-unomoheshpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৪৪৭১.০০০.০০.০০০.২২- ২০১৫ (২০০)

তারিখ : ০৬-১১-২০২২ খ্রি,

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৮৩, ঝিনাইদহ- ০৩
০২। জেলা প্রশাসক, ঝিনাইদহ
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ
০৪। মেয়র, মহেশপুর পৌরসভা, ঝিনাইদহ
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ
০৬। অফিসার ইনচার্জ, মহেশপুর থানা, ঝিনাইদহ
০৭। উপজেলা ............................................................ অফিসার, মহেশপুর, ঝিনাইদহ
০৮। চেয়ারম্যান,............................................................ইউপি, মহেশপুর, ঝিনাইদহ
০৯। আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো লিঃ মহেশপুর, ঝিনাইদহ
১০। সভাপতি/সম্পাদক,.......................................................................... মহেশপুর, ঝিনাইদহ
১১। জনাব.........................................................................................(সংশ্লিষ্ট সকল), মহেশপুর, ঝিনাইদহ

০৬/১১/২২

উপজেলা নির্বাহী অফিসার
মহেশপুর, ঝিনাইদহ।